## প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৫

প্রকল্পের নাম: ‘‘যমুনা নদীর ডানতীর ভাঙ্গান হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন সিংড়াবাড়ী, পাটাগ্রাম ও বাঐখোলা এলাকা সংরক্ষণ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্প।

প্রকল্পের মেয়াদকাল: অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৫।

বিভাগ: সিরাজগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।

সার্কেল: বগুড়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বগুড়া।

জোন : উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

# প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর): আইএমইডি ০৪/২০২৫

## ক. প্রকল্পের বিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ০১. | প্রকল্পের নাম | : | "যমুনা নদীর ডানতীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন সিংড়াবাড়ী, পাটাগ্রাম ও বাঐখোলা এলাকা সংরক্ষণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প। |
| ০২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ০৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ০৪. | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/ বিভাগ | : | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ। |
| ০৫. | প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি/সম্ভাব্যতা সমীক্ষা) | : | বিনিয়োগ |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | প্রকল্পের অবস্থান (প্রকল্প দলিল অনুযায়ী) | : | |

| ক্রমিক | বিভাগ | জেলা | মহানগর/পৌরসভা/উপজেলা |
|---|---|---|---|
| ১। | রাজশাহী | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর ও কাজিপুর |

০৭. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়), বাস্তবায়নকাল এবং অনুমোদন:

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | মেয়াদ ও ব্যয় হ্রাস/বৃদ্ধির কারণ | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি (বৈদেশিক মুদ্রা) | নিজস্ব অর্থায়ন | | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| মূল | ৫৬০০৭.৫৮ | ৫৬০০৭.৫৮ | - | অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৩ | ১২-১১-২০২০ | | একনেক |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার মেয়াদ বৃদ্ধি | ৫৫৪৭৬.৮২ | ৫৫৪৭৬.৮২ | - | অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৪ | ০১-০৮-২০২৩ | | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ১ম সংশোধিত | ৫৫৪৭৬.৮২ | ৫৫৪৭৬.৮২ | - | অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৪ | ০৩-১২-২০২৩ | ৪ নং পৃষ্ঠায় ১১ ও ১২ নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে। | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় বার মেয়াদ বৃদ্ধি | ৫৫৪৭৬.৮২ | ৫৫৪৭৬.৮২ | - | অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৫ | ২৯-০৭-২০২৪ | | পানি সম্পদ মন্ত্রণালয় |

**০৮. প্রকল্পের উদ্দেশ্য:**

**৮.১ সার্বিক:**

- যমুনা নদীর ডানতীর ভাঙ্গন হতে প্রকল্প এলাকায় অবস্থিত আবাসিক ভবন, স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ অফিস, স্বাস্থ্য কমপ্লেক্স, সরকারি-বেসরকারি অবকাঠামো ফসলি ও কৃষি জমি, রাস্তা-ঘাট ইত্যাদি রক্ষা করা।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নদীগর্ভে বিলীন হওয়া রোধসহ প্রকল্প এলাকার উজানে এবং ভাটিতে ইতোপূর্বে সম্পাদনকৃত নদীতীর প্রতিরক্ষামূলক কাজ outflank হওয়া রোধ করা।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নদী গর্ভে বিলীন হওয়ার ঝুঁকি হ্রাসের মাধ্যেমে সমগ্র সিরাজগঞ্জ জেলায় যমুনা নদীর বন্যা হতে রক্ষা করা।

- নদীর গতি পথ পরিবর্তন প্রতিরোধ করা।
- সামাজিক নিরাপত্তাসহ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অব্যহত রাখা।
- পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা করা।

৮.২ সুনির্দিষ্ট উদ্দেশ্য:

(১) সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলায় নদীতীর সংরক্ষণ কাজ ৬.৫১০ কি.মি., নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনবার্সন ৩.৮০২ কি.মি. এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ ৬.৮০০ কি.মি. কাজ বাস্তবায়নের মাধ্যমে জরুরী ভিত্তিতে বিভিন্ন স্থাপনা রক্ষাসহ নদীর ভাঙ্গন প্রবণতা হ্রাস করা।

০৯. প্রকল্পের পটভূমি (সংক্ষিপ্ত):

সিরাজগঞ্জ জেলা ব্রহ্মপুত্র (যমুনা) নদের ডানতীরে ২৪°০৫ থেকে ২৪°৪৫ উত্তর অক্ষাংশে এবং ৮৯°২৫ থেকে ৮৯°৫৫ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। ইহার মোট আয়তন ২৪৯৭.৯২ বর্গ কিলোমিটার (২,৪৯,৭৯২ হেক্টর) যার মধ্যে চাষযোগ্য জমির পরিমাণ ১,৭৪,৬০০ হেক্টর। জেলার জনসংখ্যা প্রায় ২৭,০৭,০১১ জন। সিরাজগঞ্জ সদর, কাজিপুর, রায়গঞ্জ, তাড়াশ, উল্লাপাড়া, কামারখন্দ, শাহজাদপুর, বেলকুচি ও চৌহালী উপজেলা সিরাজগঞ্জ জেলার অন্তর্ভুক্ত। আবহমান কাল থেকেই যমুনা নদী ডান তীরে অর্থাৎ পশ্চিম দিকে সরে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। ফলে জেলার পূর্বাংশে সকল উপজেলা যমুনা নদীর ডান তীর ভাঙ্গনে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। ঘর-বাড়ী, জমি-জমা, সরকারী-বেসরকারী স্থাপনা, রাস্তা-ঘাট ইত্যাদি নদীগর্ভে বিলীন হওয়ায় অত্রাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে নেতিবাচক প্রভাব পড়ে। নদী ভাঙ্গন, বন্যা এবং ফসলী জমিতে বালি পড়ে ফসল উৎপাদন ব্যহত ইত্যাদি অত্র এলাকার একটি পৌনপৌনিক সমস্যা।

পরিবেশবিদদের মতে, বৈশ্বিক উষ্ণায়ন (গ্লোবাল ওয়ারমিং) এর কারণে প্রতি বছর প্রায় ১.০০ সেন্টিমিটার সমুদ্র সমতল বৃদ্ধি পাচ্ছে। ফলে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘুর্নিঝড়, জ্বলোচ্ছাস, নিম্নচাপ, অতিবৃষ্টি-অনাবৃষ্টি মানুষের নিত্য দিনের সঙ্গী হিসেবে দেখা দিয়েছে। সমুদ্র সমতল মাত্র ১ মিটার বৃদ্ধি পেলেই এদেশের ১০% এলাকা নিমজ্জিত হবে বলে ধারণা করা হয়। বিশেষজ্ঞদের মতে জলবায়ু পরিবর্তনের এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে আগামী ৪০-৫০ বছরের মধ্যে বাংলাদেশের এক তৃতীয়াংশ এলাকাসহ পৃথিবীর উপকূলীয় দেশগুলোর অধিকাংশ নিম্নভূমি সাগরগর্ভে বিলীন হয়ে যাবে। প্রকল্প এলাকার জনগন বর্তমানে জলবায়ু পরিবর্তনের প্রভাব অনুভব করছেন।

ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ প্রকল্পের আওতায় ১৯৬৫খ্রিঃ হতে ১৯৬৮খ্রিঃ পর্যন্ত রংপুর জেলার কাউনিয়া হতে সিরাজগঞ্জ জেলার শাহাজাদপুর উপজেলার ভেড়াখোলা পর্যন্ত ২১৭ কিঃমিঃ দৈর্ঘ্যে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মান করা হয়। প্রকল্পটির ব্যয় ছিল ৬৭০ লক্ষ রুপী। প্রকল্পটির আওতায় সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার মাঝবাড়ি কিঃমিঃ ১৩৮.৪৬০ হতে শাহাজাদপুর উপজেলার ভেড়াখোলা কিঃমিঃ ২১৭.৩৫০ পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করা হয়। প্রকল্প বাস্তবায়নের পর হতে যমুনা নদীর ক্রমশঃ পশ্চিম দিকে সরে আসার প্রবনতায় ডানতীরে ব্যাপক ভাঙ্গন সংঘটিত হতে থাকে। ফলশ্রুতিতে বিভিন্ন সময়ে ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রণ বাঁধের অধিকাংশই নদীগর্ভে বিলীন হওয়ার প্রেক্ষিতে সেই সকল স্থানে বিকল্প বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করে সার্বিক বন্যা ব্যবস্থাপনা কার্যকর রাখা হয়েছে। ইহাছাড়াও বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষার্থে উক্ত দৈর্ঘ্য এর মধ্যে প্রায় ৩৩.০৯৫ কিঃ মিঃ ব্যাংক রিভেটমেন্ট, ৫টি সচল স্পার, ২.৫৫০ কিঃ মিঃ দৈর্ঘ্যে সিরাজগঞ্জ হার্ডপয়েন্ট ও ৪ টি ক্রসবার রয়েছে।

যমুনা নদীর তীব্র ভাঙ্গনে নদীর ভাঙ্গন কবলিত জনগণের জীবন ধারণের মূল অবলম্বন ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ। এ অঞ্চলের গ্রাম, হাট বাজার, যাতায়াত মূলত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কেন্দ্রিক হওয়ায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। এছাড়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধটি ২,৪৯,৭৯২ হেক্টর এলাকায় অবস্থিত ঘরবাড়ী, রাস্তা ঘাট অফিস আদালত, ব্যবসা প্রতিষ্ঠান, সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলাধীন স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা, সিরাজগঞ্জ-কাজিপুর পাকা রাস্তা, যমুনা সেতুর পশ্চিম সংযোগ সড়ক সহ হাজার কোটি টাকার ফসল, সম্পদ স্থাপনা বন্যার কবল হতে রক্ষার্থে ব্যবহৃত হচ্ছে। ২০২০ সালের বন্যায় নদীর ডানতীর ক্রমাগত ভাঙ্গনের ফলে শিমলা পাঁচঠাকুরী এলাকায় ব্যাপক ভাঙ্গন সংগঠিত হয়ে ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রন বাঁধের অতি সন্নিকটে চলে আসে এবং বাঁধের টো-লাইনসহ নদীর দিকের স্লোপসহ বিভিন্ন স্থাপনা নদীগর্ভে বিলীন হয়ে যায়। ক্রমাগত ভাঙ্গনের কারনে যে কোন সময় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ব্রীচ হওয়ার সম্ভবনা দেখা দেয়। এছাড়াও বিভিন্ন সময়ে বাস্তবায়িত নদীতীর সংরক্ষণ কাজ টেকসই করণের স্বার্থে অরক্ষিত এলাকা সংরক্ষণ করার জন্য ডিপিপি প্রণয়ন করা হয়।

১০. প্রধান প্রধান কার্যক্রম:

| ক্রঃ নং | প্রধান প্রধান অঙ্গসমূহ | মূল ডিপিপি অনুযায়ী | সংশোধিত ডিপিপি অনুযায়ী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | |
| ১. | নদীতীর সংরক্ষণ কাজ | ৬.০০০ কিলোমিটার | ৬.৫১০ কিলোমিটার |
| ২. | নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনবার্সন কাজ | ১.১৫০ কিলোমিটার | ৩.৮০২ কিলোমিটার |
| ৩. | বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ | ১২.৪০০ কিলোমিটার | ৬.৮০০ কিলোমিটার |

১১. প্রকল্প সংশোধনের কারণ (১ম সংশোধন): প্রকল্পের ভৌত কাজ যথাসময়ে শুরু হলেও কোভিড-১৯ এর কারণে পর্যাপ্ত শ্রমিকের সংকুলান না হওয়ায়, আমদানী নির্ভর নির্মাণ সামগ্রীর সংকট দেখা দেওয়ায়, জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় নির্মাণ সামগ্রীর পরিবহন সংকট এবং অপ্রতুল বাজেট বরাদ্দের কারণে পরিশোধযোগ্য কাজের বিল বকেয়া থাকায় প্রকল্পের ভৌত কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হয়নাই। এছাড়াও উল্লেখ্য যে, প্রকল্পের সাশ্রয়কৃত অর্থ হতে সংশোধিত ডিপিপিতে নতুন করে নদীতীর সংরক্ষণ কাজের ৫১০ মিটার দৈর্ঘ্যের ১ (এক) টি প্যাকেজে এবং নতুন ৪ (চার) টি প্যাকেজে ২৩৬২.০০ মিটার বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন ও শক্তিশালীকরণ কাজ অন্তর্ভুক্ত করা হয়। পরবর্তীতে প্রকল্প এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষার্থে এবং প্রকল্পের প্রকৃত সুফল নিশ্চিত করতে অতিরিক্ত কাজের সংস্থান রেখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভার সিদ্ধান্তের আলোকে ১ম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা-০৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং ৪২.০০.০০০০.০০১.১৪.০২১.১৮ তারিখ: ০৩-১২-২০২৩ খ্রি মোতাবেক সংশোধিত ডিপিপি অনুমোদিত হয় (কপি সংযুক্ত)। প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী অনুমোদিত মোট ব্যয় ৫৫৪৭৬.৮২ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদকাল ০১ অক্টোবর,২০২০ হতে জুন ২০২৪ পর্যন্ত। উক্ত প্রকল্পের আওতায় ৬.৫১০ কি.মি. নদীতীর প্রতিরক্ষা, ৩.৮০২ কি.মি. বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন ও শক্তিশালীকরণ এবং ৬.৮০০ কি.মি. বাঁধ পুনরাকৃতিকরণ কাজ এর সংস্থান রাখা হয়।

১১.১. ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ (১ম বার):

১। প্রকল্পের ভৌত কাজ যথাসময়ে শুরু হলেও পর্যাপ্ত শ্রমিকের সংকুলান না হওয়ায়, আমদানী নির্ভর নির্মাণ সামগ্রীর সংকট দেখা দেওয়ায়, জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় নির্মাণ সামগ্রীর পরিবহন সংকট এবং অপ্রতুল বাজেট বরাদ্দের কারণে প্রকল্পের ভৌত কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, বিশ্বের অর্থনৈতিক মন্দার কারণে চলমান অর্থনৈতিক সমস্যায় প্রকল্পের সার্বিক বাস্তব ও আর্থিক অগ্রগতি উল্লেখযোগ্য না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২৪ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাবনা বোর্ডের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিগত ০৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখে আইএমইডির পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ এর মহাপরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম মহোদয় প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করেন, যার ভিত্তিতে বিগত ২০/০৭/২০২৩ খ্রিঃ তারিখে আইএমইডির মতামত সম্বলিত প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয় প্রেরণ করেন। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সুপারিশের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা-০৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং ৪২.০০.০০০০.০৪১.১৪.০২১.১৮-১৯ তারিখ: ০১-০৮-২০২৩ খ্রি. মোতাবেক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর জুন/২০২৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন জারি হয় (কপি সংযুক্ত)।

ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ (২য় বার):

১। বিগত ০৩-১২-২০২৩ খ্রিঃ তারিখে প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদিত হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপিতে নতুন ১ (এক) টি প্যাকেজে ৫১০.০০ মিটার নদী তীর প্রতিরক্ষা কাজ এবং নতুন ৪ (চার) টি প্যাকেজে ২৩৬২.০০ মিটার বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন ও শক্তিশালীকরণ কাজ অন্তর্ভুক্ত করা হয়, যার বিস্তারিত কার্যাদেশ ফেব্রুয়ারি/২০২৪ মাসে দেয়া হয়। নতুন কাজগুলো জুন/২০২৪ এর মধ্যে সমাপ্ত করা কষ্টসাধ্য হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২৫ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়।

২। বিগত ২২-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য সুপারিশ করা হয় এবং ২০২৩-২৪ অর্থ বছরে ৯০.০০ কোটি টাকা এডিপি বরাদ্দ পাওয়া যায়। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রকল্পের পুরো কাজ সমাপ্তির জন্য ৯০.০০ কোটি টাকা এডিপি বরাদ্দের অতিরিক্ত প্রায় ২১৭৩৮.৪০ কোটি টাকা অর্থের প্রয়োজনীয়তা দেখা দেয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রকল্পটি সমাপ্তির জন্য এডিপি বরাদ্দের অতিরিক্ত ২১৭৩৮.৪০ কোটি টাকা অর্থ চাওয়া হলে স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

৩। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তের আলোকে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রকল্পটি সমাপ্তির জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২৫ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাবনা বোর্ডের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিগত ১৪/০৬/২০২৪ খ্রিঃ তারিখে আইএমইডির পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ এর মহাপরিচালক জনাব মোঃ সাইফুল ইসলাম মহোদয় প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে আইএমইডির মতামত সম্বলিত প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন পানি সম্পদ মন্ত্রণালয় প্রেরণ করেন। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সুপারিশের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা-০৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং ৪২.০০.০০০০.০৪১.১৪.০২১.১৮.৩০ তারিখ: ২৯-০৭-২০২৪ খ্রি. মোতাবেক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর জুন/২০২৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন জারি হয় (কপি সংযুক্ত)।

৮

১২. অর্থায়ন ব্যবস্থা:

| উৎস / ধরন | জিওবি | নিজস্ব অর্থায়ন | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫)=(২+৩+৪) |
| বিনিয়োগ | ৫৫৪৭৬.৮২ | - | - | ৫৫৪৭৬.৮২ |
| ঋণ | - | - | - | - |
| ইক্যুইটি | - | - | - | - |
| অনুদান | - | - | - | - |
| অন্যান্য | - | - | - | - |
| মোট | ৫৫৪৭৬.৮২ | - | - | ৫৫৪৭৬.৮২ |

## খ. বাস্তবায়ন অবস্থা

১৩. বাস্তবায়নকাল:

| অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | মেয়াদ হ্রাস/বৃদ্ধি (মূল মেয়াদের %) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৩ | অক্টোবর, ২০২০ হতে জুন, ২০২৫ | এপ্রিল, ২০২০ হতে জুন, ২০২৫ | ৭২.৫৯% | পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক যথা নিয়মে বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয়েছে। |

১৪. প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | ব্যয় হ্রাস/বৃদ্ধি (মূল ব্যয়ের %) | মন্তব্য |
|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৬০০৭.৫৮ | ৫৫৪৭৬.৮২ | ৫৪১৩০.৯২ | (-) ৩.৩৫% | প্রকল্পের ভৌত কাজ পুরোপুরি সম্পূর্ণ হলেও মাটির কাজের টাস্কফোর্স কর্তৃক পরিমাপ কিছুটা কম হওয়া এবং সংশোধিত ডিপিপিতে সংস্থানকৃত ভেরিয়েশনের পরিমানের চেয়ে কমিটি কর্তৃক নিরুপিত ভেরিয়েশনের পরিমান কম হওয়ায় আর্থিকভাবে ব্যয় কম হয়েছে। |

১৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্পের শুরু হতে ক্রমানুসারে):

| নাম, আইডি, মূল পদবি, গ্রেড ও মোবাইল নম্বর | দায়িত্বের ধরণ | | একাধিক প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত (হ্যাঁ/না) | সময়কাল (তারিখ) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | পূর্ণকালীন (হ্যাঁ/না) | অতিরিক্ত দায়িত্ব (হ্যাঁ/না) | | যোগদান | অবমুক্তি | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| মোঃ শফিকুল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী<br>৫ গ্রেড (৪৩০০০-৬৯৮৫০)<br>০১৭১১০৩৯১০৫ | না | হ্যাঁ | হ্যাঁ | ০৩/১২/২০২০ | ২২/১২/২০২২ | |
| মোঃ আরিফুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০)<br>০১৩১৮-২৩৫২৩০ | না | হ্যাঁ | না | ২২/০২/২০২৩ | ৩০/০৬/২০২৫ | |

১৬. প্রকল্পের জনবলঃ

(ক) প্রকল্প বাস্তবায়ন ইউনিটের জনবল: সিরাজগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ এর জনবল দ্বারা প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে। অতিরিক্ত জনবল নিয়োগ করা হয়নি।

(খ) প্রকল্প সমাপ্তির পর প্রয়োজনীয় জনবলের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে): প্রযোজ্য নয়।

১৭. প্রশিক্ষণ (স্থানীয়/বৈদেশিক): অনুমোদিত ডিপিপিতে স্থানীয় /বৈদেশিক প্রশিক্ষণ অর্ন্তভুক্ত নেই।

১৮. অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন (প্রকল্প দলিল অনুযায়ী):

| অংগের নাম | একক | পরিমান | প্রাক্কলিত ব্যয় | | | | প্রকৃত অর্জন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | নিজস্ব/ | অন্যান্য | মোট | জিওবি | নিজস্ব | অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| (ক) রাজস্ব ব্যয়: | | | | | | | | | | |
| সরবরাহ সেবা: | | | | | | | | | | |
| গ্যাস ও জ্বালানী | থোক | থোক | ৯.০০ | ৯.০০ | - | - | ৬.১৭ | ৬.১৭ | - | - |
| পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | থোক | থোক | ১৩.০০ | ১৩.০০ | - | - | ১১.৮৮ | ১১.৮৮ | - | - |
| মুদ্রণ ও বাঁধাই | থোক | থোক | ৩.০০ | ৩.০০ | - | - | ৩.০০ | ৩.০০ | - | - |
| স্ট্যাম্প ও সিল | থোক | থোক | ৩.০০ | ৩.০০ | - | - | ২.৯৮ | ২.৯৮ | - | - |
| প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | থোক | থোক | ২.০০ | ২.০০ | - | - | ২.০০ | ২.০০ | - | - |
| সম্মানী ভাতা (মধ্যবর্তী মূল্যায়ন) | থোক | থোক | ১০.০০ | ১০.০০ | - | - | ১০.০০ | ১০.০০ | | |
| সম্মানী ভাতা (বিভিন্ন কমিটির জন্য) | থোক | থোক | ১১.০০ | ১১.০০ | - | - | ১১.০০ | ১১.০০ | - | - |
| সার্ভে (ব্যাথিমেট্রিক ও ব্যাংকলাইন সার্ভে) | থোক | থোক | ১০.০০ | ১০.০০ | - | - | ৯.৯৬ | ৯.৯৬ | - | - |
| মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন: | | | | | | | | | | |
| মোটরযান (জীপ ৫টি এবং মোটর সাইকেল ৩টি) | থোক | থোক | ১২.০০ | ১২.০০ | - | - | ১২.০০ | ১২.০০ | - | - |
| অনাবাসিক ভবন (অফিস ভবন ও কলোনী) | থোক | থোক | ৩৬.০০ | ৩৬.০০ | - | - | ৩৫.৯৭ | ৩৫.৯৭ | - | - |
| কম্পিউটার | থোক | থোক | ২.০০ | ২.০০ | - | - | ২.০০ | ২.০০ | - | - |
| অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | থোক | থোক | ৯.০০ | ৯.০০ | - | - | ৯.০০ | ৯.০০ | - | - |
| (ক) উপ-মোট (রাজস্ব): | | | ১২০.০০ | ১২০.০০ | - | - | ১১৫.৯৬ | ১১৫.৯৬ | - | - |
| (খ) মুলধন | | | | | | | | | | |
| সম্পদ সংগ্রহ ও ক্রয় : | | | | | | | | | | |
| জীপ গাড়ি (প্রগতির তৈরী) (রেজিষ্ট্রেশন ফি এবং সিএনজি কনভারশন ফিসহ) | সংখ্যা | ১ | ৫৭.০০ | ৫৭.০০ | - | - | ০.০০ | ০.০০ | - | - |
| মোটর সাইকেল অনুর্ধ ১৫০ সিসি (রেজিষ্ট্রেশন ফিসহ) ২টি) | সংখ্যা | ২ | ৩.০০ | ৩.০০ | - | - | ০.০০ | ০.০০ | - | - |
| প্রকৌশল ও অন্যান্য যন্ত্রপাতি (লেভেলিং মেশিন ২টি ও জিপিএস ২টি) | সংখ্যা | ৪ | ২.০০ | ২.০০ | - | - | ২.০০ | ২.০০ | - | - |
| কম্পিউটার ও আনুষাঙ্গিক (২সেট) | সংখ্যা | ২ | ২.০০ | ২.০০ | - | - | ১.৯৯ | ১.৯৯ | - | - |
| অফিস সরঞ্জামাদি (ফটোকপি | সংখ্যা | ১ | ১.৫০ | ১.৫০ | - | - | ১.৫০ | ১.৫০ | - | - |

| অংগের নাম | একক | পরিমান | প্রাক্কলিত ব্যয় | | | | প্রকৃত অর্জন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | নিজস্ব/ | অন্যান্য | মোট | জিওবি | নিজস্ব | অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| মেশিন-১টি) | | | | | | | | | | |
| আসবাবপত্র ও ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর | থোক | থোক | ১৫.০০ | ১৫.০০ | - | - | ১৫.০০ | ১৫.০০ | - | - |
| **নির্মাণ ও পূর্ত কাজ:** | | | | | | | | | | |
| যমুনা নদীর ডানতীরে খুদবান্দি এলাকায় মিটারেজ ০.০০ হতে মিটারেজ ৪৮০০.০০ = ৪৮০০.০০ মিটার এবং পাঁচঠাকুরী এলাকায় মিটারেজ ০.০০ হতে মিটারেজ ১৭১০.০০ = ১৭১০.০০ মিটার, সর্বমোট = ৬৫১০.০০ মিটার নদীতীর সংরক্ষণ কাজ। | মিটার | ৬৫১০.০০ | ৪৫৫৪৭.৪৭ | ৪৫৫৪৭.৪৭ | - | - | ৪৪৫১৬.২৪ | ৪৪৫১৬.২৪ | - | - |
| যমুনা নদীর ডানতীরে ঢেকুরিয়া এলাকায় (বিআরই কিঃমিঃ ১৩৮.৪৬০ হতে কিঃমিঃ ১৩৯.০০০ = ৫৪০.০০ মিটার এবং বিআরই কিঃমিঃ ১৪৮.০০ হতে কিঃমিঃ ১৫১.২০০ = ৩২০০.০০ মিটার, বিআরই কিঃমিঃ ১৫৩.২০০ হতে কিঃমিঃ ১৫৬.০০০= ২৮০০.০০ মিটার, বিআরই কিঃমিঃ ১৬২.০০০ হতে কিঃমিঃ ১৬২.২৬০= ২৬০.০০ মিটার) সর্বমোট = ৬৮০০.০০ মিটার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ। | মিটার | ৬৮০০.০০ | ২৩১.২২ | ২৩১.২২ | - | - | ২০০.৬০ | ২০০.৬০ | - | - |
| সমাপ্তকৃত প্রকল্পের কিঃমিঃ ১৩৮.০০ হতে কিঃমিঃ ১৫৭.৭২০ এর মধ্যবর্তী বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনর্বাসন ও শক্তিশালীকরণ কাজ। (কাজের দৈর্ঘ্য =৩৮০২.০০ মিটার) | মিটার | ৩৮০২.০০ | ৯৩৯৭.৬৩ | ৯৩৯৭.৬৩ | - | - | ৯২৭৭.৬৩ | ৯২৭৭.৬৩ | - | - |
| (খ) উপ-মোট (মূলধন ব্যয়): | | | ৫৫২৫৬.৮২ | ৫৫২৫৬.৮২ | - | - | ৫৪০১৪.৯৬ | ৫৪০১৪.৯৬ | - | - |
| মোট ব্যয় (ক + খ) | | | ৫৫৩৭৬.৮২ | ৫৫৩৭৬.৮২ | - | - | ৫৪১৩০.৯২ | ৫৪১৩০.৯২ | - | - |
| (গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী: | | | ৫০.০০ | ৫০.০০ | - | - | ০.০০ | ০.০০ | - | - |
| (ঘ) প্রাইস কন্টিনজেন্সী: | | | ৫০.০০ | ৫০.০০ | - | - | ০.০০ | ০.০০ | - | - |
| সর্বমোট (ক + খ + গ + ঘ): | | | ৫৫৪৭৬.৮২ | ৫৫৪৭৬.৮২ | - | - | ৫৪১৩০.৯২ | ৫৪১৩০.৯২ | - | - |

A

১৯. যানবাহন ক্রয় সংক্রান্ত: অনুমোদিত ডিপিপিতে যানবাহন ক্রয় অর্ন্তভূক্ত থাকলেও প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় যানবাহন ক্রয় করা হয় নি।

২০. প্রকল্পের পরামর্শক সংক্রান্ত (স্থানীয়/বৈদেশিক): অনুমোদিত ডিপিপিতে প্রকল্পের পরামর্শক (স্থানীয়/বৈদেশিক) নিয়োগ নেই।

২১. অবকাঠামো ও যন্ত্রপাতি স্থাপন: অনুমোদিত ডিপিপিতে অবকাঠামো ও যন্ত্রপাতি স্থাপন এর জন্য সংস্থান থাকায় কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

২২. পণ্য, কার্য এ সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

২২.১ প্যাকেজসমূহের এর তথ্য:

ক) প্রকল্প দলিল অনুযায়ী মোট প্যাকেজের সংখ্যা: ৪২ টি; তার মধ্যে পণ্য ৭ টি, কার্য ৩৩ টি ও সেবা ০২ টি।

খ) ক্রয়কৃত মোট প্যাকেজের সংখ্যা: ৪২ টি; তার মধ্যে পণ্য ০৭ টি, কার্য ৩৩ টি ও সেবা ০২ টি।

গ) কোন প্যাকেজের ক্রয় সম্পন্ন না হলে তার কারণ (যদি থাকে): পণ্য ক্রয়ের আওতায় জীব গাড়ী ও মোটর সাইকেল সরবরাহের কাজ প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় তা বাস্তবায়ন করা সম্ভব হয় নাই।

ঘ) যে সকল প্যাকেজের প্রাক্কলিত মূল্য প্রকল্পের মোট অনুমোদিত প্রাক্কলিত মূলের ১% এর বেশী তার সংখ্যা: ০ টি; তার মধ্যে পণ্য ০ টি, কার্য ০ টি ও সেবা ০ টি।

২২.২ প্যাকেজ ভিত্তিক পণ্য, কার্য ও সেবা ক্রয়ের তথ্য: সংযুক্তি -খ এবং সংযুক্তি-গ অনুযায়ী তথ্যাদি নিম্নরুপঃ

## গ. আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং অর্জন

২৩. মূল এবং সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক আর্থিক বাস্তব লক্ষ্যমাত্রা: (লক্ষ টাকায়)

| অর্থ বছর | আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা (মূল প্রকল্প দলিল অনুযায়ী) | | | | আর্থিক ও বাস্তব অর্জন (সর্বশেষ সংশোধিত প্রকল্প দলিল অনুযায়ী) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন/ অন্যান্য | বাস্তব (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২০-২১ | ৮৭২১.৫০ | ৮৭২১.৫০ | - | ১৫.৫৭% | ৩৩০.০০ | ৩৩০.০০ | - | ০.৬০% |
| ২০২১-২২ | ২৪৪৮১.৪৬ | ২৪৪৮১.৪৬ | - | ৪৩.৭১% | ৫৪০৮.৯১ | ৫৪০৮.৯১ | - | ৯.৭৫% |
| ২০২২-২৩ | ২২৮০৪.৬২ | ২২৮০৪.৬২ | - | ৪০.৭১% | ১৮৯৯৯.৭৩ | ১৮৯৯৯.৭৩ | - | ৩৪.২৫% |
| ২০২৩-২৪ | ০.০০ | ০.০০ | - | ০.০০ | ৩০৭৩৮.১৮ | ৩০৭৩৮.১৮ | - | ৫৫.৪১% |
| ২০২৪-২৫ | ০.০০ | ০.০০ | - | ০.০০ | ০.০০ | ০.০০ | - | ০.০০ |
| সর্বমোট= | ৫৬০০৭.৫৮ | ৫৬০০৭.৫৮ | - | ১০০% | ৫৫৪৭৬.৮২ | ৫৫৪৭৬.৮২ | - | ১০০% |

২৪. সংশোধিত এডিপি বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা এবং আর্থিক ও বাস্তব অর্জন: (লক্ষ টাকায়)

| অর্থবছর | সংশোধিত বরাদ্দ ও বাস্তব লক্ষ্যমাত্রা | | | | অর্থছাড় জিওবি | আর্থিক ও বাস্তব অর্জন | | | | অব্যয়িত ছাড়কৃত জিওবি |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | | মোট | জিওবি | নিজস্ব অর্থায়ন | বাস্তব (%) | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ২০২০-২১ | ৩৩০.০০ | ৩৩০.০০ | - | ০.৬০% | ৩৩০.০০ | ৩৩০.০০ | ৩৩০.০০ | - | ০.৬০% | ০.০০% |
| ২০২১-২২ | ৫৫০০.০০ | ৫৫০০.০০ | - | ৯.৯১% | ৫৪০৮.৯১ | ৫৪০৮.৯১ | ৫৪০৮.৯১ | - | ৯.৭৫% | ০.০০% |
| ২০২২-২৩ | ১৯০০০.০০ | ১৯০০০.০০ | - | ৩৪.২৫% | ১৮৯৯৯.৭৩ | ১৮৯৯৯.৭৩ | ১৮৯৯৯.৭৩ | - | ৩৪.২৫% | ০.০০% |
| ২০২৩-২৪ | ১৮৫০০.০০ | ১৮৫০০.০০ | - | ৩৩.৩৫% | ১৮৪২০.০০ | ১৮৪১৯.০৭ | ১৮৪১৯.০৭ | - | ৩৩.২০% | ০.৯৩% |
| ২০২৪-২৫ | ১১৬৭৫.০০ | ১১৬৭৫.০০ | - | ২১.০৫% | ১১৪২৫.০০ | ১০৯৭৩.২১ | ১০৯৭৩.২১ | - | ১৯.৭৭% | ০.০০% |
| সর্বমোট= | ৫৫০০৫.০০ | ৫৫০০৫.০০ | - | ৯৯.১৬% | ৫৪৫৮৩.৬৪ | ৫৪১৩০.৯২ | ৫৪১৩০.৯২ | - | ৯৭.৫৭% | ০.০০% |

নোট: ১। ছাড়কৃত জিওবি অর্থের অব্যয়িত অংশের সমন্বয় সংক্রান্ত প্রমাণক সংযুক্ত করতে হবে;
২। পরিকল্পনা বিভাগের জারিকৃত পরিপত্র অনুযায়ী ফর্মূলা ব্যবহার করে বাস্তব অগ্রগতির হার নির্ধারণ করতে হবে।

## ঘ. প্রকল্পের উদ্দেশ্য অর্জন

২৫. প্রকল্পের উদ্দেশ্য, প্রকৃত অর্জন ও উদ্দেশ্য অর্জনে ঘাটতির কারণ (যদি থাকে):

| প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য | প্রকৃত অর্জন | অর্জনে ঘাটতি থাকলে তার কারণ |
|---|---|---|
| (১) নদীতীর সংরক্ষণ কাজ ৬.৫১০ কি.মি., নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনবার্সন ৩.৮০২ কি.মি. এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ ৬.৮০০ কি.মি. কাজ বাস্তাবয়ন | প্রকল্পটির ৬.৫১০ কি.মি., নদীতীর প্রতিরক্ষা কাজের ক্ষতিগ্রস্থ অংশ পুনবার্সন ৩.৮০২ কি.মি. এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ ৬.৮০০ কি.মি. কাজ সঠিক সময়ে ও কাজের গুনগতমান বজায় রেখে বাস্তবায়ন এর ফলে নদী ভাঙ্গণ হ্রাস পেয়েছে। | ঘাটতি নেই। |

## ঙ. বেনিফিট বিশ্লেষণ

২৬. বার্ষিক আউটপুট:

| আউটপুটসমূহ | একক | প্রত্যাশিত উৎপাদনের পরিমাণ (পূর্ণ মাত্রায় কার্যকর হলে) | পূর্ণমাত্রায় কার্যকর হবার পর ১ম বছরের প্রকৃত উৎপাদনের পরিমাণ |
|---|---|---|---|
| কৃষিজমি | হেক্টর | ৪০০ | ৪০০ |
| বিভিন্ন ধরনের অফিস, সাস্থ্য কমপ্লেক্স, আবাসিক বাড়ির জন্য ব্যবহৃত জমি | হেক্টর | ৪০ | ৪০ |
| আবাসিক ঘর বাড়ি (পাকা) | সংখ্যা | ৬০০ | ৬০০ |
| আবাসিক ঘর বাড়ি (আধাপাক | সংখ্যা | ৫০০০ | ৫০০০ |
| আবাসিক ঘর বাড়ি (কাঁচা) | সংখ্যা | ১২০০০ | ১২০০০ |
| স্কুল, কলেজ, মসজিদ-মাদ্রাসা, মন্দির, ইউনিয়ন পরিষদ ভবন, পরিবার পরিকল্পনা অফিস ও অন্যান্য বেসরকারি অফিস | সংখ্যা | ৫ | ৫ |
| উপজেলা সাস্থ্য কেন্দ্র, উপজেলা কমপ্লেক্স ও সরকারি খাদ্য গুদাম | সংখ্যা | ৫ | ৫ |
| পাকা রাস্তা | কি.মি. | ৪০ | ৪০ |
| কাঁচা রাস্তা | কি.মি. | ৭৫ | ৭৫ |
| ব্রীজ ও কালভার্ট | কি.মি. | ৩.৫০ | ৩.৫০ |
| বন্যা নিয়ন্ত্রণ বাঁধ | কি.মি. | ৫ | ৫ |
| ক্ষুদ্র ও কুঠির শিল্প ও তাঁতশিল্প | সংখ্যা | ৭ | ৭ |

২৭. কস্ট বেনিফিট:

| বিবরণ | প্রাক্কলিত | প্রকৃত |
|---|---|---|
| (১) প্রকল্পের বেনিফিট কস্ট - এর অনুপাত | | It will be evaluated later by concern directorate of BWDB & IMED. |
| (ক) আর্থিক | ১.১৯:১ | |
| (খ) অর্থনৈতিক | ২.৩০:১ | |
| (২) ইনটারনাল রেট অব রিটার্ন | | |
| (ক) আর্থিক | ১৫.১৫% | |
| (খ) অর্থনৈতিক | ২৯.৮২% | |

২৮. প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি থাকলে তার কারণ উল্লেখ করুন: প্রকল্পের প্রত্যাশিত ও প্রকৃত বেনিফিটের মধ্যে কোন ঘাটতি নেই।

## চ. পরিবীক্ষণ ও নিরীক্ষণ

২৯. প্রকল্প বাস্তবায়নকালের পরিবীক্ষণ সংক্রান্ত:

| পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিবীক্ষণের তারিখ | উল্লেখযোগ্য সমস্যা | সুপারিশসমূহ | সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ক) আইএমইডি | | | | |
| মোহাম্মদ সাইফুল ইসলাম<br>মহাপরিচালক, আইএমইডি | ০৭/০৭/২০২৩ | নাই | | |
| মোহাম্মদ সাইফুল ইসলাম<br>মহাপরিচালক, আইএমইডি | ১৪/০৬/২০২৪ | নাই | | |
| মহাঃ এনামুল হক<br>যুগ্ম প্রধান (সেচ উইং) | ১০/১১/২০২৩ | নাই | | |
| মোঃ সামছুল ইসলাম<br>উপ-প্রধান (সেচ উইং) | ১০/১১/২০২৩ | নাই | | |
| খ) মন্ত্রণালয়/সংস্থা: | | | | |
| নাজমুল আহসান<br>সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়। | ০২/০৫/২০২৩ | নাই | | |
| দীপান্বিতা সাহা<br>যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ)<br>পানি সম্পদ মন্ত্রণালয়। | ০৩/১১/২০২৫ | নাই | | |
| মোঃ রবিউল ইসলাম<br>যুগ্ম সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়। | ০৩/১১/২০২৫ | নাই | | |
| মোহাম্মদ আব্দুর রহিম রিপন<br>উপসচিব, (পরিকল্পনা শাখা-৩)<br>পানি সম্পদ মন্ত্রণালয়। | ০৩/১১/২০২৫ | নাই | | |
| মোঃ রমজান আলী প্রামাণিক<br>অতিরিক্ত মহাপরিচালক,<br>পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা। | ০২/০৫/২০২৩ | নাই | | |
| এস. এম. শহিদুল ইসলাম<br>মহাপরিচালক,<br>বাপাউবো, ঢাকা। | ২৫/১২/২০২৩ | নাই | | |
| মেহাম্মদ আমিরুল হক ভুঁইয়া<br>অতিরিক্ত মহাপরিচালক,<br>পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা। | ২৫/১২/২০২৩ | নাই | | |
| মোঃ জহিরুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী<br>উওর পশ্চিমা, বাপাউবো, রাজশাহী। | একাধিকবার | নাই | | |
| মোঃ শাহজাহান সিরাজ<br>প্রধান প্রকৌশলী<br>বাপাউবো, ফরিদপুর। | একাধিকবার | নাই | | |
| মোঃ মুখলেসুর রহমান<br>অতিঃ প্রধান প্রকৌশলী<br>উওর পশ্চিমা, বাপাউবো, রাজশাহী। | একাধিকবার | নাই | | |
| মোঃ আরিফুল ইসলাম<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>বাপাউবো, বগুড়া। | একাধিকবার | নাই | | |
| মোঃ মাহবুবুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী<br>বাপাউবো, সিরাজগঞ্জ। | একাধিকবার | নাই | | |
| মোঃ মোখলেছুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী<br>বাপাউবো, সিরাজগঞ্জ। | একাধিকবার | নাই | | |
| গ) অন্যান্য (সুনির্দিষ্টভাবে) | | | | |

৩০. প্রকল্প বাস্তবায়নকালে ও সমাপ্তির পর নিরীক্ষণ সংক্রান্ত:

(ক) অভ্যন্তরীণ নিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| আলোচ্য প্রকল্পে বাস্তবায়নকালীন ও সমাপ্তির পর অভ্যন্তরীণ কোন আপত্তি নেই। | | | | |
| মোট আপত্তির সংখ্যা ও আপত্তিকৃত টাকার পরিমাণ | | | - | - |

(খ) বহিঃনিরীক্ষা:

| ক্রমিক নং | নিরীক্ষা সময়কাল | নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ | পর্যবেক্ষণ/আপত্তি ও অর্থের সংশ্লেষ (পরিমাণ) | আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা (না হলে বর্তমান অবস্থা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ | ১১-০৯-২০২২ | জিও ব্যাগ, হার্ড ম্যাটেরিয়াল এর গুনগত মান পরীক্ষা এবং টাস্কফোর্সের প্রতিবেদন ব্যতিরেকে ঠিকাদারকে অনিয়মিতভাবে বিল পরিশোধ ৫,৬৬,৫৬,৬৮০/ (পাঁচ কোটি ছিষট্টি লক্ষ ছাপান্ন হাজার ছয়শত আশি) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২ | ২০১৯-২০২০ হতে ২০২১-২০২২ | ১৫-০৬-২০২৩ | প্রকল্প বহির্ভূত কাজের ডিপিপিতে অন্তর্ভুক্ত করে বোর্ডের ২৩,৬১,৩৬৭.০০ (তেইশ লক্ষ একষট্টি হাজার তিনশত সাতষট্টি) টাকা অনিয়মিতভাবে ব্যয়। | মহাপরিচালকের কার্যালয় পূর্ত অডিট অধিদপ্তর স্মারক নং-৮২.০৯.০০০০.০১১.৩৩.১২৭.২২-৫৫৬ মোতাবেক আপত্তিটি নিষ্পত্তি হয়েছে। |
| ৩ | ২০১৯-২০২০ হতে ২০২১-২০২২ | ১৫-০৬-২০২৩ | নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে LD কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি ১৮,৪৬,৮৭,৮৯৩/- (আঠারো কোটি ছয়চল্লিশ লক্ষ সাতাশি হাজার আটশত তিরানব্বই) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৪ | ২০২২ হতে ২০২৩ | ২৭-১০-২০২৪ | প্রকল্পের কাজে নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে LD (Liquidated Damages) কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি ৩,১৯,০৯,৬৩০ (তিন কোটি উনিশ লক্ষ নয় হাজার ছয়শত ত্রিশ) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৫ | ২০২২ হতে ২০২৩ | ২৭-১০-২০২৪ | প্রকল্প কাজে অনুমোদিত সিডিউল অব রেইটস অপেক্ষা অতিরিক্ত একক দরে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২৮,৭৬,৬৭৭/- (আটাশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত সাতাত্তর) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৬ | ২০২৩ হতে ২০২৪ | ০৮-০৫-২০২৫ | নির্ধারিত সময়ে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারের নিকট হতে LD (Liquidated Damages) কর্তন না করায় বোর্ডের ১,৮১,৫৮,৭২৬/- (এক কোটি একাশি লক্ষ আটান্ন হাজার সাতশত ছাব্বিশ) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৭ | ২০২৩ হতে ২০২৪ | ০৩-০৬-২০২৫ | Temporary lease of land এর নামে বিল পরিশোধ করায় বোর্ডের ১৮,৭১,৭৫৩/- (আঠারো লক্ষ একাত্তর হাজার সাতশত তিপান্ন) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হয়েছে। বর্তমানে আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৮ | ২০২৩ হতে ২০২৪ | - | Compaction না করা সত্ত্বেও উক্ত আইটেমে বিল প্রদান করে বোর্ডের ৮০,৬৮,৫১৩/- (আশি লক্ষ আটষট্টি হাজার পাঁচশত তের) টাকা। | আপত্তি নিষ্পত্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপযুক্ত জবাব প্রেরণ করা হবে। |

## ছ. প্রকল্প বাস্তবায়নোত্তর মন্তব্য

৩১. প্রকল্পের বিষয়ে সাধারণ পর্যবেক্ষণ ও মন্তব্য (নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনা করতে হবে):

৩১.১. পটভূমিঃ সিরাজগঞ্জ জেলা যমুনা নদীর ডানতীরে ২৪°০৫ থেকে ২৪°৪৫ উত্তর অক্ষাংশে এবং ৮৯°২৫ থেকে ৮৯°৫৫ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। ইহার মোট আয়তন ২৪৯৭.৯২ বর্গ কিলোমিটার (২,৪৯,৭৯২ হেক্টর) যার মধ্যে চাষযোগ্য জমির পরিমাণ ১,৭৪,৬০০ হেক্টর। জেলার জনসংখ্যা প্রায় ২৭,০৭,০১১ জন। সিরাজগঞ্জ সদর, কাজিপুর, রায়গঞ্জ, তাড়াশ, উল্লাপাড়া, কামারখন্দ. শাহজাদপুর, বেলকুচি ও চৌহালী উপজেলা সিরাজগঞ্জ জেলার অন্তর্ভুক্ত আবহমান কাল থেকেই যমুনা নদী ডান তীরে অর্থাৎ পশ্চিম দিকে সরে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। ফলে জেলার পূর্বাংশে সকল উপজেলা যমুনা নদীর ডান তীর ভাঙ্গনে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। ঘর-বাড়ী, জমি-জমা, সরকারী-বেসরকারী স্থাপনা, রাস্তা-ঘাট ইত্যাদি নদীগর্ভে বিলীন হওয়ায় অত্রাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে নেতিবাচক প্রভাব পড়ে। নদী ভাঙ্গন, বন্যা এবং ফসলী জমিতে বালি পড়ে ফসল উৎপাদন ব্যহত ইত্যাদি অত্র এলাকার একটি পৌনপৌনিক সমস্যা।

পরিবেশবিদদের মতে, বৈশ্বিক উষ্ণায়ন (গ্লোবাল ওয়ারমিং) এর কারণে প্রতি বছর প্রায় ১.০০ সেন্টিমিটার সমুদ্র সমতল বৃদ্ধি পাচ্ছে। ফলে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘুর্নিঝড়, জলোচ্ছাস, নিম্নচাপ, অতিবৃষ্টি-অনাবৃষ্টি মানুষের নিত্য দিনের সঙ্গী হিসেবে দেখা দিয়েছে। সমুদ্র সমতল মাত্র ১ মিটার বৃদ্ধি পেলেই এদেশের ১০% এলাকা নিমজ্জিত হবে বলে ধারণা করা হয়। বিশেষজ্ঞদের মতে জলবায়ু পরিবর্তনের এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে আগামী ৪০-৫০ বছরের মধ্যে বাংলাদেশের এক তৃতীয়াংশ এলাকাসহ পৃথিবীর উপকূলীয় দেশগুলোর অধিকাংশ নিম্নভূমি সাগরগর্ভে বিলীন হয়ে যাবে। প্রকল্প এলাকার জনগন বর্তমানে জলবায়ু পরিবর্তনের প্রভাব অনুভব করছেন।

ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ প্রকল্পের আওতায় ১৯৬৫খ্রিঃ হতে ১৯৬৮খ্রিঃ পর্যন্ত রংপুর জেলার কাউনিয়া হতে সিরাজগঞ্জ জেলার শাহাজাদপুর উপজেলার ভেড়াখোলা পর্যন্ত ২১৭ কিঃমিঃ দৈর্ঘ্যে বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মান করা হয়। প্রকল্পটির ব্যয় ছিল ৬৭০ লক্ষ রুপী। প্রকল্পটির আওতায় সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার মাঝবাড়ি কিঃমিঃ ১৩৮.৪৬০ হতে শাহাজাদপুর উপজেলার ভেড়াখোলা কিঃমিঃ ২১৭.৩৫০ পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করা হয়। প্রকল্প বাস্তবায়নের পর হতে যমুনা নদীর ক্রমশঃ পশ্চিম দিকে সরে আসার প্রবণতায় ডানতীরে ব্যাপক ভাঙ্গন সংঘটিত হতে থাকে। ফলশ্রুতিতে বিভিন্ন সময়ে ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রণ বাঁধের অধিকাংশই নদীগর্ভে বিলীন হওয়ার প্রেক্ষিতে সেই সকল স্থানে বিকল্প বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করে সার্বিক বন্যা ব্যবস্থাপনা কার্যকর রাখা হয়েছে। ইহাছাড়াও বন্যা নিয়ন্ত্রণ বাঁধ রক্ষার্থে উক্ত দৈর্ঘ্য এর মধ্যে প্রায় ৩৩.০৯৫ কিঃ মিঃ ব্যাংক রিভেটমেন্ট, ৫টি সচল স্পার, ২.৫৫০ কিঃ মিঃ দৈর্ঘ্যে সিরাজগঞ্জ হার্ডপয়েন্ট ও ৪ টি ক্রসবার রয়েছে।

যমুনা নদীর তীব্র ভাঙ্গনে নদীর ভাঙ্গন কবলিত জনগণের জীবন ধারণের মূল অবলম্বন ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ। এ অঞ্চলের গ্রাম, হাট বাজার, যাতায়াত মূলত বন্যা নিয়ন্ত্রণ বাঁধ কেন্দ্রিক হওয়ায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। এছাড়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধটি ২,৪৯,৭৯২ হেক্টর এলাকায় অবস্থিত ঘরবাড়ী, রাস্তা ঘাট অফিস আদালত, ব্যবসা প্রতিষ্ঠান, সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলাধীন স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা সরকারী বেসরকারী বিভিন্ন স্থাপনা, সিরাজগঞ্জ-কাজিপুর পাকা রাস্তা, যমুনা সেতুর পশ্চিম সংযোগ সড়ক সহ হাজার কোটি টাকার ফসল, সম্পদ স্থাপনা বন্যার কবল হতে রক্ষার্থে ব্যবহৃত হচ্ছে। ২০২০ সালের বন্যায় নদীর ডানতীর ক্রমাগত ভাঙ্গনের ফলে শিমলা পাঁচঠাঁকুরী এলাকায় ব্যাপক ভাঙ্গন সংগঠিত হয়ে ব্রহ্মপুত্র বন্যা নিয়ন্ত্রন বাঁধের অতি সন্নিকটে চলে আসে এবং বাঁধের টো-লাইন নদীর দিকের স্লোপসহ বিভিন্ন স্থাপনা নদীগর্ভে বিলীন হয়ে যায়। ক্রমাগত ভাঙ্গনের কারনে যে কোন সময় বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ব্রীচ হওয়ার সম্ভবনা দেখা দেয়। এছাড়াও বিভিন্ন সময়ে বাস্তবায়িত নদীতীর সংরক্ষণ কাজ টেকসই করণের স্বার্থে অরক্ষিত এলাকা সংরক্ষণ করার জন্য ডিপিপি প্রণয়ন করা হয়।

৩১.২ যৌক্তিকতা/পর্যাপ্ততাঃ প্রস্তাবিত প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার কাজিপুর ও সদর উপজেলার যমুনা নদীর ডানতীরবর্তী অত্যন্ত ভাঙ্গন-কবলিত এলাকাসমূহে জিও-ব্যাগ ও সিসি ব্লক স্থাপন ও ডাম্পিং কাজ বাস্তবায়নের মাধ্যমে নদী ভাঙ্গন রোধ করার উদ্দেশ্যে প্রণয়ন করা হয়। বাংলাদেশের নদ-নদীর বিন্যাসের মধ্যে ব্রহ্মপুত্র-যমুনা সিস্টেম একটি বৃহত্তম নদীর সিস্টেম যার মাধ্যমে সীমান্তের ওপার হতে নেমে আসা পানির প্রায় ৮০% এ নদীর মাধ্যমে প্রবাহিত হয়। যমুনা নদীর গড় প্রবাহমাত্রা ও ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যের কারণে এটি পৃথীবির অন্যতম বৃহৎ Braided River বা শাখাযুক্ত নদী হিসেবে পরিচিত। সে কারনেই সারা বছর ব্যাপী যমুনা নদীর একাধিক শাখা প্রবাহমান থাকে। বাংলাদেশের ভূ-প্রাকৃতিক গঠন, অব্যাহত জনসংখ্যা বৃদ্ধি, বিশাল খাদ্য চাহিদাসহ নানাবিধ প্রাকৃতিক কারনে এ দেশের নদ-নদীসমূহ অত্যন্ত ভাঙ্গন প্রবন নদী হিসেবে পরিচিত। নদী ভাঙ্গন একটি জটিল ও ভয়াবহ প্রাকৃতিক ঘটনা যার ফলে মারাত্বক প্রাকৃতিক বিপর্যয় সংঘটিত হয়। এর ফলে জীবন যাত্রা ও সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। বিগত কয়েক বছরের যমুনা নদীর মারত্বক ভাঙ্গনের ফলে যমুনা নদীর বাম তীরবর্তী সিরাজগঞ্জ জেলার কাজিপুর ও সদর উপজেলার প্রায় বেশীর ভাগ অংশই নদীতে বিলীন হয়েছে। ২০১৭, ২০১৯ ও ২০২০ সালের ভয়াবহ বন্যায় সদর ও কাজিপুর উপজেলায় নদী ভাঙ্গন মারাত্বক আকার ধারন করে। এর ভাঙ্গনের ফলে অনেক ঘরবাড়ী, শিক্ষা প্রতিষ্ঠান সহ আবাদী জমি নদীর গর্ভে বিলীন হয়ে যায়। বর্তমানে উপজেলার কিয়দংশ বিদ্যমান রয়েছে, যা যে কোন সময় যমুনা নদীতে বিলীন হওয়ার উপক্রম হয়েছে। এহেন, নাজুক পরিস্থিতিতে ভাঙ্গন কবলিত এলাকাসমূহের বাসিন্দাগণের জোর দাবীর প্রেক্ষিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সরেজমিনে ভাঙ্গনকবলিত এলাকা পরিদর্শন করেন। কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এবং IWM ও CEGIS কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হয় যাহার স্মারক নং-বাপাউবো(সেচি)/পরি-০১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/৩৩১, তারখিঃ ২৬-১১-২০১৭ খ্রিঃ। কমিটি কর্তৃক গত ২৩-০৭-২০১৮ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে সরেজমিনে পরর্দিশন পূর্বক তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও নকশা প্রনয়ন ও প্রাক্কলন প্রস্তুতকরণ পূর্বক সংযোজন করতঃ সম্ভাব্যতা সমীক্ষা প্রতবিদেন প্রণয়ন করা হয়। প্রস্তাবিত ডিপিপি এর প্রধান অঙ্গাসমূহ হলো নদীতীর সংরক্ষণ কাজ, বন্যা নিয়ন্ত্রন বাঁধ পুনরাকৃতিকরণ কাজ এবং বিদ্যমান প্রতিরক্ষামূলক কাজের ক্ষতিগ্রস্ত অংশের পুর্নবাসন কাজ। প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের ফলে সহায় সম্বলহীন নিঃস্ব, হতদরিদ্র, দিনমজুর মানুষ সহ সমাজের সর্বস্তরের মানুষের জন্য নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে ও মাথাপিছু আয় বৃদ্ধি পাবে। প্রকল্প এলাকার অধিকাংশ মানুষ কৃষি ও মৎস্য চাষকে পেশা হিসেবে বেছে নিবে ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে ও যোগাযোগ ব্যবস্থারও যথেষ্ট উন্নতি সাধিত হবে। প্রকল্প এলাকাটি ধীরে ধীরে নগরায়নের দিকে ধাবিত হবে এবং সরকার ও বিভিন্ন এনজিও সমুহ বিনিয়োগে আগ্রহী হবে। নতুন নতুন রাস্তা ঘাট, স্কুল কলেজ, হাট বাজার, আধুনিক মার্কেট, অফিস ভবন, কৃষি ও শিল্প নগরী ও অন্যান্য অবকাঠামো নির্মাণ হবে। ফলে গ্রামীণ আর্থসামাজিক প্রেক্ষাপটের উন্নতির পাশাপাশি প্রকল্প এলাকাটিতে আধুনিকতার ছোঁয়া পাবে ও মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পাওয়ার কারণে মৌলিক চাহিদা মেটানো ও জীবনযাত্রার মান উন্নয়ন সম্ভব হবে। ফলে প্রকল্প এলাকা হতে সব ধরনের দারিদ্র দূরীকরণ ও আঞ্চলিক বৈষম্য দুরীভুত হওয়ার পাশাপাশি উন্নয়ন ও আধুনিকতার ছোয়া পাবে ও জীবনের গতি বৃদ্ধি পাবে। যা নাগরিক জীবনে প্রশান্তি আনবে। তাই সামগ্রিক বিবেচনায় প্রস্তাবিত প্রকল্পটি প্রণয়নের যুক্তিকতা রয়েছে।

৩১.৩ উদ্দেশ্যঃ

- যমুনা নদীর ডানতীর ভাঙ্গন হতে প্রকল্প এলাকায় অবস্থিত আবাসিক ভবন, স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ অফিস, স্বাস্থ্য কমপ্লেক্স, সরকারি-বেসরকারি অবকাঠামো ফসলি ও কৃষি জমি, রাস্তা-ঘাট ইত্যাদি রক্ষা করা।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নদীগর্ভে বিলীন হওয়া রোধসহ প্রকল্প এলাকার উজানে এবং ভাটিতে ইতোপূর্বে সম্পাদনকৃত নদীতীর প্রতিরক্ষামূলক কাজ outflank হওয়া রোধ করা।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নদী গর্ভে বিলীন হওয়ার ঝুঁকি হ্রাসের মাধ্যেমে সমগ্র সিরাজগঞ্জ জেলায় যমুনা নদীর বন্যা হতে রক্ষা করা।
- নদীর গতি পথ পরিবর্তন প্রতিরোধ করা।
- সামাজিক নিরাপত্তাসহ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অব্যহত রাখা।
- পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা করা।

৩১.৪ প্রকল্প সংশোধন ও তার কারণ সম্পর্কিত:

"যমুনা নদীর ডানতীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন সিংড়াবাড়ী, পাটাগ্রাম ও বাঐখোলা এলাকা সংরক্ষণ" শীর্ষক প্রকল্পটি গত ১২-১১-২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। ০৯-১২-২০২০ খ্রিঃ তারিখে প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির মেয়াদ ০১ অক্টোবর ২০২০ হতে ৩০ জুন ২০২৩ খ্রিঃ পর্যন্ত নির্ধারিত আছে এবং অনুমোদিত ব্যয় ৫৬০০৭.৫৮ লক্ষ টাকা। ব্রহ্মপুত্র ডানতীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ যমুনা নদীর ভাঙ্গন এবং প্রকল্প এলাকার ২,৪৯,৭৯২.০০ হেক্টর জমি আকস্মিক বন্যা হতে রক্ষার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

"যমুনা নদীর ভাঙ্গন হতে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন সিংড়াবাড়ী, পাটাগ্রাম ও বাঐখোলা এলাকা সংরক্ষণ"শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরের স্মারং নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৭.২২-৩২, তারিখঃ ১০/০৪/২০২২ খ্রিঃ মোতাবেক বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হয়।

